

■ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ৪৫

💵 আরবি মূল আয়াত:

نَحنُ اَعلَمُ بِمَا يَقُولُونَ وَ مَا اَنتَ عَلَيهِم بِجَبَّارٍ فَذَكِّر بِالقُراٰنِ مَن يَّخَافُ وَعِيدِ ﴿٢٥﴾

এরা যা বলে আমি তা সবচেয়ে ভাল জানি। আর তুমি তাদের উপর কোন জোর- জবরদন্তিকারী নও। সুতরাং যে আমার ধমককে ভয় করে তাকে কুরআনের সাহায্যে উপদেশ দাও। — আল-বায়ান

তারা (তোমার বিরুদ্ধে) যা বলে তা আমি ভাল করেই জানি, তুমি তাদের উপর জবরদস্তিকারী নও। কাজেই যে আমার শাস্তির ভয়প্রদর্শনকে ভয় করে, তাকে তুমি কুরআনের সাহায্যে উপদেশ দাও। — তাইসিরুল

তারা যা বলে তা আমি জানি, তুমি তাদের উপর জবরদস্তিকারী নও। সুতরাং যে আমার শাস্তিকে ভয় করে তাকে উপদেশ দান কর কুরআনের সাহায্যে। — মুজিবুর রহমান

We are most knowing of what they say, and you are not over them a tyrant. But remind by the Qur'an whoever fears My threat. — Sahih International

৪৫. তারা যা বলে তা আমরা ভাল জানি, আর আপনি তাদের উপর জবরদস্তি কারী নন, কাজেই যে আমার শাস্তিকে ভয় করে তাকে উপদেশ দান করুন কুরআনের সাহায্যে।

তাফসীরে জাকারিয়া

- (৪৫) তারা যা বলে, তা আমি খুব জানি, তুমি তাদের উপর জবরদস্তিকারী নও;[1] সুতরাং যে আমার শাস্তির প্রতিশ্রুতিকে ভয় করে, তাকে কুরআনের সাহায্যে উপদেশ দান কর। [2]
 - [1] অর্থাৎ, তোমার এ দায়িত্ব নয় যে, তাদেরকে ঈমান আনতে বাধ্য করবে। বরং তোমার কাজ কেবল দাওয়াত পৌঁছে দেওয়া। অতএব, এ কাজ করতে থাক।
 - [2] অর্থাৎ, নবী করীম (সাঃ)-এর দাওয়াত ও উপদেশ থেকে কেবল সে-ই নসীহত গ্রহণ করবে, যে আল্লাহকে এবং তাঁর শান্তিকে ভয় করে ও তাঁর দেওয়া সমস্ত প্রতিশ্রুতির প্রতি বিশ্বাস রাখে। এই জন্যই কাতাদা (রঃ) এই দু'আটি পাঠ করতেন, (اَللَّهُمَّ اجْعَلْنَا مِمَّنْ يَخَافُ وَعِيْدُكَ، وَيَرْجُوْ مَوْعُوْدُكَ، يَا بَارُّ يَا رَحِيْمُ) "হে আল্লাহ! আমাকে



তাদের অন্তর্ভুক্ত কর, যারা তোমার শাস্তিকে ভয় করে এবং তোমার প্রতিশ্রুত বস্তুর আশা রাখে। হে অনুগ্রহকারী, হে দয়াময়!"

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4675

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন